# ২০১৯
# বাংলা
## [ল্যাঙ্গুয়েজ কোর কোর্স]
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGP/LCC-T-I/M

**(For Male Candidates)**

(সাহিত্যের ইতিহাস, সাহিত্যের রূপরীতি, বৈষ্ণব পদাবলী ও মঙ্গলকাব্য)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদ কে আবিষ্কার করেন? তিনি কোথা থেকে এই গ্রন্থটি পেয়েছিলেন?

খ) কাহারো বউ তু কাহারো রাণী।
কেহ্নে যমুনাত তোলসী পানী।।
— কার লেখা? কোন্ গ্রন্থের অংশবিশেষ?

গ) কত সালে চৈতন্যভাগবত রচিত হয়? গ্রন্থটির রচয়িতা কে?

ঘ) চৈতন্যজীবনী হিসেবে বাংলা সাহিত্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কয়টি খণ্ডে সমাপ্ত?

(পরের পাতায়)

ঙ) কৃত্তিবাস ওঝা কোন্ অঞ্চলের বাসিন্দা ছিলেন? তিনি কী অনুবাদ করেছেন?

চ) মহাভারতের চারজন অনুবাদকের নাম লেখো।

ছ) 'মঙ্গলকাব্য' — এই নামকরণের কারণ কী? মঙ্গলকাব্যগুলির কালপর্ব নির্দেশ করো।

জ) মূলত কোন্ সময়কাল থেকে কবিতা ও গানের পার্থক্য সূচিত হয়? গীতিকবিতার জন্ম কোন্ শতকে হয়েছিল?

ঝ) উপন্যাসের চারটি শ্রেণীর নাম উল্লেখ করো।

ঞ) 'শেষ হয়ে হইল না শেষ' — সাহিত্যের কোন্ বিষয় সম্পর্কে এই উক্তিটি করা হয়েছে? উক্তিটি কার?

ট) বাংলা মৌলিক নাটকের প্রথম প্রকাশকাল কবে সূচিত হয়? নাট্যকার কে ছিলেন?

ঠ) বাংলা ছোটোগল্পের পথিকৃৎ কে? তাঁর চারটি ছোটগল্পের নাম লেখো।

ড) ভাঁড়ু দত্ত কোন্ কাব্যের চরিত্র? এই কাব্যের আর একটি চরিত্রের নাম লেখো।

ঢ) বাংলা সাহিত্যে মধ্যযুগের শেষ কবি কে? কত সালে তাঁর মৃত্যু হয়েছিল?

ণ) কালকেতু ও ফুল্লরা স্বর্গে কী কী নামে পরিচিত ছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

ক) কবিকঙ্কন মুকুন্দের চণ্ডীমঙ্গল কাব্যটিতে ফুল্লরা চরিত্রটি কতখানি বাস্তবানুগ, আলোচনা করো।

খ) 'অভিসার' পর্যায়ের সর্বশ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত পদ অবলম্বনে তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও।



গ) 'নীরদ নয়নে' — পদটিতে কার কথা বলা হয়েছে? এই পদটিকে বৈষ্ণব পদসঙ্কলনের প্রথমেই স্থান দেওয়ার কারণ কী বলে তোমার মনে হয়?

ঘ) কৃত্তিবাস ওঝার আত্মজীবনী অংশটির গুরুত্ব কতখানি?

ঙ) উনিশ শতকে রচিত যে কোনো একটি নাটক সম্পর্কে তোমার মতামত লিপিবদ্ধ করো।

চ) বিশ শতকে বাংলা সাহিত্যের প্রতিনিধিস্থানীয় পাঁচজন কবি ও তাঁদের একটি করে কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) তোমার পঠিত পদ অবলম্বনে বৈষ্ণবকাব্যে বিদ্যাপতির কবিপ্রতিভার মূল্যায়ন করো।

খ) 'আমার শপতি লাগে' — পদটিতে যে মাতৃমনস্তত্ত্ব প্রতিফলিত হয়েছে, তা বর্তমান সময়ে কতখানি প্রাসঙ্গিক?

গ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটি গতানুগতিক মঙ্গলকাব্য ধারা থেকে কতখানি অভিনব, চরিত্র ও বিষয় অবলম্বনে তা আলোচনা করো।

ঘ) মুকুন্দ রামের চণ্ডীমঙ্গলে আত্মজীবনী অংশটি থেকে তৎকালীন সমাজের কী প্রতিচ্ছবি পাওয়া যায়, উদ্ধৃতি সহযোগে আলোচনা করো।

———————